সমকাল

তারিখ: 06 JUN 2015
পৃষ্ঠা: 2 কলাম: 2

# ৭ দিনের মধ্যে ব্যানার পোস্টার অপসারণের নির্দেশ ছাত্রলীগের

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর উত্তর ও দক্ষিণ শাখা ছাত্রলীগের সম্মেলন শেষ হলেও এখনও বিভিন্ন স্থানে ঝুলছে দলীয় নেতাকর্মীদের ব্যানার, পোস্টার ও ফেস্টুন। অনেক জায়গায় অবৈধভাবে দখল করে রাখা হয়েছে বিভিন্ন বাণিজ্যিক বিলবোর্ডও। এক সপ্তাহের সময় দিয়ে এসব ব্যানার, পোস্টার অপসারণের জন্য নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ছাত্রলীগ। এর পাশাপাশি দেশের কোথাও অবৈধভাবে বিলবোর্ড দখল করে ব্যানার না লাগানোর জন্য ছাত্রলীগের নেতাকর্মীদের নির্দেশ দিয়েছেন সংগঠনের সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ। কোনো নেতাকর্মীর বিরুদ্ধে অবৈধভাবে বিলবোর্ড দখলের অভিযোগ পাওয়া গেলে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার ঘোষণাও দিয়েছেন তিনি। গতকাল শুক্রবার রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউর মহানগর আওয়ামী লীগের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন ছাত্রলীগ সভাপতি।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছাত্রলীগের সহসভাপতি জয়দেব নন্দী, সুমন কুণ্ডু, সাংগঠনিক সম্পাদক তরিকুল ইসলাম, দপ্তর সম্পাদক শেখ রাসেল, ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান মিজান, দক্ষিণ মহানগরের সভাপতি বায়েজিদ আহমেদ, উত্তর ও দক্ষিণের সাধারণ সম্পাদক মহিউদ্দিন আহমদ, সাব্বির হোসেন প্রমুখ।

বদিউজ্জামান সোহাগ বলেন, ঢাকা উত্তর ও দক্ষিণ মহানগর শাখা ছাত্রলীগের সম্মেলন উপলক্ষে টানানো বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও পোস্টার ১২ জুনের মধ্যে অপসারণ করতে হবে। সম্মেলনে লিখিত বক্তব্যে সোহাগ বলেন, সারাদেশে কোথাও যদি কোনো ছাত্রলীগ নেতা, কর্মী, সমর্থক বিলবোর্ড ব্যবহার করেন তাহলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

মহানগরের নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, আগামী ১২ জুনের পর রাজধানীর কোথাও ব্যানার, ফেস্টুন, পোস্টার দেখা গেলে সংশ্লিষ্ট নেতার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

এ ছাড়া নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে শুভেচ্ছা জানিয়ে ব্যক্তিগতভাবে ব্যানার, পোস্টার, ফেস্টুন লাগানো থেকে বিরত থাকার নির্দেশ দেন তিনি। নগরের নেতাদের শুধু কোনো ইউনিটের পক্ষ থেকেই শুভেচ্ছা জানানো যাবে।

সংবাদ সম্মেলন শেষে সোহাগ কেন্দ্রীয় ও মহানগরের নেতাদের সঙ্গে নিয়ে গুলিস্তান মুক্তিযোদ্ধা সংসদ এলাকার আশপাশের বিভিন্ন ব্যানার ও ফেস্টুন অপসারণ করেন।